World Parkinson's Education Progrm-এর উদ্দেশ্য হচ্ছে পারকিনসন'স রোগ সম্পর্কে জনগনের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা। এই প্রোগ্রামের সূচনা করেন কানাডিয়ান Neurologist Dr.Abdul Qayyum Rana এবং তিনি বিভিন্ন ভাষায় পারকিনসন'স রোগ সম্পর্কে শিক্ষামূলক তথ্য উদ্ভাবন করেন।

আরো বিস্তারিত তথ্যের জন্য অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইটে ভিজিট করুন।

**www.parkinsonseducation.org**

This information should not be used as a substitute for the medical care and advice of your physician

Copyright @ 2008
WORLD PARKINSON'S EDUCATION PROGRAM
Copying for the educational purposes is encouraged. It is not permitted to make changes to the written content of this document and author's information.

**A.Q.Rana, MD, FRCPC**
**Neurologist**
**Parkinson's Clinic of Eastern Toronto**
2863 Ellesmere Rd, Suite 404
Scarborough, Ontario, M1E 5E9, Canada
Phone: 416-724-9850

**www.parkinsonseducation.org**

Frequently Asked Questions About

# Parkinson's Disease (PD) & Driving

# পারকিনসন'স রোগ (PD) ও গাড়ী চালানো

**World Parkinson's Education Program**

PARKINSON'S

**Dr.Abdul Qayyum Rana, MD, FRCPC**
**Neurologist**
**Toronto,Canada**

**Bengali/ বাংলা**

**8 ৮**

*"Those who fight Parkinson's with knowledge always find solutions"*
*- Dr. Rana*

**পারকিনসন'স রোগ কি গাড়ী চালাতে সমস্যা করে?**

পারকিনসন'স রোগ ও ঔষধের পার্শ্ব প্রতিক্রিয়া আপনার গাড়ী চালানোর কর্মক্ষমতার ক্ষতি করে। আপনার বয়স একটা ব্যাপার যেহেতু এই রোগ অনেকটা বয়সের সাথে সম্পর্কযুক্ত।

পারকিনসন'স রোগে আক্রান্ত হলে গাড়ী চালানো যাবেনা তা কিন্তু ঠিক না। কিন্তু এই রোগে আক্রান্ত রোগীর অবস্থা যদি খুবই খারাপ (Severe) হয়ে যায় তাহলে গাড়ী চালালে সড়ক দুর্ঘটনার সুযোগ থাকে। কাজেই এটা আপনাকে বুঝতে হবে গাড়ী চালানো আপনার পক্ষে কতটুকু উপযুক্ত। নিরাপদ নয় -এমন অবস্থায় গাড়ী চালানো নিজের জন্য যেমন ক্ষতির কারণ তেমনি অন্যের জন্যও ক্ষতির কারণ।

**পারকিনসন'স কেমন করে গাড়ী চালানোর দক্ষতাকে ক্ষতিগ্রস্থ করে?**

এই রোগের অবনতি হয়ে গেলে আপনি সহজেই বুঝতে পারবেন আপনার চলাচল শক্তি এবং রোগের প্রতিক্রিয়ার সময়। যেহেতু এই রোগ খুব ধীরে আক্রমন করে আর তাই অনেক রোগীর বুঝতে অনেক সময় লাগে। মনোযোগ, চিন্তাশক্তি ও অনুভব শক্তি ইত্যাদি কমে যাওয়া এই রোগ শনাক্ত করণে বেশ সাহায্য করে। এই রোগে আক্রান্ত হলে গাড়ী চালাতে সাধারণ নিয়মগুলি মেনে চলা কঠিন হয়ে যায়। যেমন- রাস্তার চারপার্শ্বের অবস্থা, মনোযোগ, লাইটসিগনাল, শব্দশক্তি ইত্যাদি।

পারকিনসন'স রোগের ঔষধের পার্শ্ব প্রতিক্রিয়া- হঠাৎ ঘুম অনুভব, চোখে ঝাপসা দেখা, সন্দেহ, ঝিমানো ইত্যাদি আপনার গাড়ী চালানোর ক্ষেত্রে অসুবিধা করে।

**কখন আপনি গাড়ী চালানো বন্ধ করবেন?**

গাড়ী চালানো সম্পূর্ন ব্যক্তি বিশেষ। অনেক লোক খুব দৃঢ় থাকে যে সে ভাল গাড়ী চালায় আর তাই বুঝতে পারেনা তার গাড়ী চালানোর অক্ষমতার কথা। আপনার গাড়ী চালানো দক্ষতার ব্যাপারে আপনি আপনার পরিবারের অন্য সদস্যদের বা অন্য কেউ যে সব সময় আপনার কাছে থাকে তাদেরকে জিজ্ঞাসা করতে পারেন। তাদের মতামতের খুব গুরুত্ব দিবেন। সবকিছু বুঝেও যদি আপনাকে গাড়ী চালাতেই হয় তবে ব্যস্ত রাস্তা ব্যবহার না করা, রাত্রে গাড়ী না চালানো, খারাপ আবহাওয়ায় না চালানো ভাল। আপনি যখন ঔষধ পরিবর্তন করবেন বা উচ্চ মাত্রার পারকিনসন'স রোগের ঔষধ খাবেন তখন খুব সতর্ক থাকবেন গাড়ী চালানোর ক্ষেত্রে।

**কিভাবে সেবা প্রদানকারীর সাহায্য নিবেন?**

আপনার সেবা প্রদানকারী আপনার গাড়ী চালানো প্রত্যক্ষভাবে দেখবে এবং মন্তব্য করবে আপনার গাড়ী চালানোর ভুলগুলি। গাড়ী চালাতে অক্ষম হলে আপনার সেবা প্রদানকারী আপনাকে চলাচলে বিকল্প সাহায্য করবে- যেমন টেক্সী ডাকা, পাবলিক বাসের পরামর্শ দেওয়া। অন্য কেউ আপনাকে ড্রাইভ দিতে পারে।

**আপনার দায়িত্ব কি?**

গাড়ী চালানো একজনের জীবনে একটি গুরুত্তপূর্ন দিক হতে পারে- যা ছেড়ে দেওয়া মুশকিল। কিন্তু রাস্তায় আপনার ও অন্যের নিরাপদ গুরুত্তপূর্ন। যদি মনে করেন আপনার গাড়ী চালানো নিরাপদ নয় তা'হলে আপনার চিকিৎসকের পরামর্শ নিন।